ilgrandecolibrì
Essere LGBT nel mondo.

trama di terre
ASSOCIAZIONE INTERCULTURALE DI DONNE NATIVE E MIGRANTI - ONLUS

# নারীর প্রতি পুরুষের সহিংসতা, কি করতে হবে ?





বাংলা
BANGLA

# নারীর প্রতি পুরুষের সহিংসতা বলতে কি বুঝায় ?

নারীর প্রতি বিভিন্ন ধরনের সহিংসতা  এবং নির্যাতন রয়েছে। সহিংসতার মাধ্যমে পুরুষরা নারীদের নিয়ন্ত্রণ করতে এবং তাদের স্বাধীনতা ছিনিয়ে নিতে চায়।

একজন পুরুষ আপনার প্রতি সহিংস আচরণ করে যখন :

আপনাকে অথবা সন্তানদের কে মারধোর করে(এমনকি শুধুমাত্র একটি চড় হলেও!)অথবা বলে যে আপনাদের মারধোর করতে চায় ;

আপনাকে যখন একা থাকেন অথবা অন্যদের উপস্থিতিতে আপনাকে অপমানজনক কথা বলে বা আপনার সাথে চিৎকার করে ;

আপনার কথা শুনেনা এবং আপনার অনুভূতিকে কোন গুরুত্ব দেয়না, আপনাকে ভয় দেখায় ;

আপনাকে পরিবার অথবা বন্ধুবান্ধবদের সাথে দেখা করতে দেয়না বা বলে যে আপনার কাছ থেকে বাচ্চাদের কে সরিয়ে দিতে চায় ;

আপনাকে বাসা থেকে বের হয়তে দেয়না, কাজ করতে অথবা পড়াশুনা করতে দেয়না, আপনাকে স্কুলে যেতে দেয়না ;

আপনি কোথায় আছেন তা জানার জন্য আপনাকে সারাক্ষণ ফোন করে বা মেসেজ দেয় ;

আপনার মোবাইল চেক করে এবং সব পাসওয়ার্ড জানতে চায় ;

আপনি কিভাবে পোশাক পরবেন তা নির্ধারণ করে দেয়, উদাহরণস্বরূপ আপনাকে ট্র্যাডিশনাল পোশাক পরতে বলে অথবা  এমন পোশাক পরতে বলে যেগুলো আপনি পরতে অনিচ্ছুক ;

আপনার ইচ্ছার বিরুদ্ধে আপনার সাথে যৌনকর্ম করে, আপনাকে গর্ভধারণ করতে অথবা গর্ভপাত করতে চাপ প্রয়োগ করে ;

আপনার ইচ্ছার বিরুদ্ধে কাউকে বিয়ে করতে বলে ;

যদি আপনি কোন নারীকে ভালবাসেন তাহলে আপনাকে মারধর করে বা অপমানজনক কথা বলে ;

পরিবারের টাকাপয়সা নিয়ন্ত্রন করে, আপনাকে বা সন্তানদেরকে টাকাপয়সা দেয়না ;

আপনার অথবা আপনার বাচ্চাদের ডকুমেন্ট লুকিয়ে রাখে(আইডেন্টিটি কার্ড, পাসপোর্ট, পেরমেসসো দি সোজ্জর্ন....);

আপনাকে বলে যে, সে যা চায় তা না করলে আপনাকে পেরমেসসো দি সোজ্জর্ন করতে দিবেনা বা পেরমেসসো নবায়ন করতে দিবেনা।

যখন কোন ব্যাক্তি আপনাকে এবং আপনার ইচ্ছাকে সম্মান করেনা, আপনি “না” বলা সত্ত্বেও আপনার কথা শুনেনা, তখনই সে আপনার প্রতি সহিংস আচরণ করে।
সহিংসতা সবসময়ই সহিংসতা, এমনকি তা আপনার বাবা, মা, স্বামী, চাচী, আপনার যে কোন আত্মীয়, আপনার বন্ধু অথবা আপনার কাজের নিয়োগকর্তা যেই করুক না কেন !

সহিংসতা একটি অপরাধ : নারীর প্রতি কারোরই সহিংস আচরণ করা উচিত নয়। যদি কেউ সহিংস আচরণ করে, তাহলে সাহায্যের জন্য বলুন।

# যখন কেউ সহিংস আচরণ করে,
# তখন ইতালিতে কি করতে পারেন ?

112

* যদি কোন জরুরী অবস্থার সৃষ্টি হয় এবং আপনার জীবন বা স্বাস্থ্য হুমকির সম্মুখীন হয়, তাহলে জলদি **112** অথবা **113** এই দুটি ফ্রি নাম্বারে ফোন করুন।

* **1522** এই ফ্রি নাম্বারটিতে ফোন করুন ।

1522

* আপনার শহরের নিকটবর্তী এন্টিভায়োলেন্স সেন্টারে ফোন করুন, মেইল পাঠান অথবা মেসেজ করুন (এস এম এস, মেসেঞ্জার, হোয়াটস অ্যাপ, এন্টিভায়োলেন্স সেন্টারে নারীরা আছেন, যারা অন্য নারীদের কে সাহায্য করেন। আপনি কে অথবা আপনার সাথে কি ঘটছে, তা এন্টিভায়োলেন্স সেন্টার কখনো কাউকে বলবেনা, আপনার কাছে টাকা চাইবেনা এবং আপনাকে ইচ্ছার বিরুদ্ধে কোন কাজ করতে বলবেনা। এখানে আপনার নিকটবর্তী এন্টিভায়োলেন্স সেন্টার খুঁজে বের করুন: **https://www.direcontrolaviolenza.it/i-centri-antiviolenza/**

* আপনার যদি মনে হয় যে আপনার কোন বান্ধবী অথবা কোন প্রতিবেশীর প্রতি কেউ সহিংস আচরণ করছে, তাহলে এন্টি ভায়োলেন্স সেন্টারে ফোন করুন অথবা 1522 এই ফ্রি নাম্বারটি তে ফোন করুন ।

* বাসা থেকে যখন বের হবেন, তখন কারো সাহায্য নিন, যেমন ফার্মেসী তে, স্কুলের শিক্ষিকাদের কাছে, অথবা 1522 নাম্বারে ফোন করুন অথবা পুলিশ বা কারাবিনিয়েরীর কাছে যান।

# পুলিশ এবং কারাবিনীয়েরী কি করবে ?

* যদি আপনি 112 অথবা 113 এই দুটি ফ্রি নাম্বারে ফোন করেন, তাহলে শীঘ্রই পুলিশ বা কারাবিনীয়েরী চলে আসবে । আপনি চাইলে মামলা করতে পারেন, অথবা না ও করতে পারেন। কিন্তু পুলিশ বা কারাবিনীয়েরি যদি মনে করে যে গুরুতর কিছু ঘটেছে, তাহলে তারা আপনার মামলা ছাড়াই ম্যাজিস্ট্রেট কে জানাতে পারে।

* পুলিশ অথবা কারাবিনীয়েরীর কাছে গেলে আপনি মামলা করতে পারবেন, এমনকি আপনার প্রতি সহিংস আচরণ যদি ৩ মাস আগেও করা হয়ে থাকে। মনে রাখবেন!মামলা করার পর সহিংস আচরণ কিন্তু প্রায় ক্ষেত্রেই ঘটতে থাকে,কিছু ক্ষেত্রে আগের চেয়ে আরো জোরালো ভাবে ঘটে। আপনার তখন কি করা উচিত তা জানার জন্য এন্টিভায়োলেন্স সেন্টার অথবা 1522 নাম্বারে ফোন করুন ! এন্টিভায়োলেন্স সেন্টার আপনাকে এবং আপনার সন্তানদের কে একটি নিরাপদ জায়গা খুঁজে পেতে সাহায্য করবে ।

* আপনি সহিংসতার বিরুদ্ধে মামলা করলে কেউ আপনার সন্তান কে নিয়ে যাবেনা।

* আপনি সহিংসতার বিরুদ্ধে মামলা করলে আপনার বিনা খরচে একজন আইনজীবী পাওয়ার অধিকার রয়েছে ।

* যদি আপনি সহিংসতার বিরুদ্ধে মামলা করেন এবং আপনাকে পারিবারিক কারনে সোজ্জর্ন দিয়ে থাকে, তাহলে আপনি পরিবারের সাথে বসবাস করা ছাড়াই একটি বিশেষ সোজ্জর্ন নিয়ে ইতালিতে বসবাস করতে পারবেন!এই বিশেষ পেরমেসসো দি সোজ্জর্নটি কে কাজের কারনে সোজ্জর্নতে রূপান্তর করা যাবে।

* যদি আপনি বৈধভাবে অর্থাৎ কন্ট্র্যাক্টের মাধ্যমে কাজ করে থাকেন, তাহলে আপনি INPS এ ১০০% অর্থাৎ পূর্ণ বেতন সহ ৩ মাস কাজে অনুপস্থিত থাকার জন্য ছুটির আবেদন করার অধিকার রাখেন।

## মানব পাচার এবং অন্যায়ভাবে যৌন কাজে ব্যবহার  বলতে কি বুঝায় ?

* মানব পাচার বলতে বুঝায়, যখন কোন ব্যাক্তি তার নিজের জন্য টাকা উপার্জন করতে কোন নারীকে দিয়ে কাজ করায় : এটি খুবই গুরুতর একটি অপরাধ।

* অন্যায়ভাবে যৌন কাজে ব্যবহার বলতে বুঝায়, যখন কোন ব্যাক্তি টাকার জন্য কোন নারীকে অন্য পুরুষের সাথে যৌন কর্ম করতে বাধ্য করে : এটি খুবই গুরুতর একটি অপরাধ।

**800 290 290**

* যদি কেউ আপনার সাথে অথবা অন্য কোন নারীর সাথে এই ধরনের কোন অপরাধ করে থাকে, তাহলে **800 290 290** এই ফ্রি নাম্বারে ফোন করুন । এই ফোন নাম্বারটি প্রতিদিন সবসময়ই কার্যকর থাকে।

* যদি এইরকম অপরাধের বিরুদ্ধে মামলা করেন এবং আপনার ডকুমেন্ট না থাকে, তাহলে একটি বিশেষ ধরনের সোজ্জর্ন দিয়ে আপনি ইতালিতে থাকতে পারবেন। এই বিশেষ পেরমেসসো দি সোজ্জর্নটি কে কাজের কারনে সোজ্জর্ন তে রূপান্তর করা যাবে।

## সহিংসতা একটি অপরাধ :
## নারীর প্রতি কারোরই সহিংস আচরণ করা উচিত নয়।
## যদি কেউ সহিংস আচরণ করে, তাহলে সাহায্যের জন্য বলুন।

**IL GRANDE COLIBRÌ** ODV
https://www.ilgrandecolibri.com

**TRAMA DI TERRE** ONLUS APS
https://www.tramaditerre.it

trama di terre
ASSOCIAZIONE INTERCULTURALE DI DONNE NATIVE E MIGRANTI - ONLUS





Traduzione in bangla realizzata da Oxfam Italia Intercultura grazie al progetto Net Care in collaborazione con il centro anti-violenza La Nara (Alice), (Fondi DG Justice REC, n. 856909 - i contenuti sono responsabilità degli autori soltanto e non attribuibili alla Commissione Europea)

OXFAM Italia

Net Care